

264

**ঢাকা বিশ্ববিদ্যালয়ে  
ফার্সি ভবনের  
ভিত্তিপ্রস্তর স্থাপন**  
বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥  
সফররত ইরানী প্রেসিডেন্ট আকবর  
হাশেমী রাফসানজানি গত-  
কাল বুধবার ঢাকা বিশ্ববিদ্যালয়ে  
(১১শ পৃ: ৬-এর ক: স্র:)

**ঢাকা বিশ্ববিদ্যালয়ে**  
(১ম পৃ: পর)  
ফার্সি ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন  
করিয়াছেন। ফার্সি ভাষা শিক্ষা  
ও গবেষণা কেন্দ্র হিসাবে ইরান  
সরকারের অর্থানুকূলে এই  
ভবন নির্মিত হইবে। এই  
উপলক্ষে গতকাল অপরাহ্নে বিশ্ব-  
বিদ্যালয়ের বিজ্ঞানগ্রন্থাগার ও  
মোকারিম ভবনের মধ্যমর্তী ভিত্তি-  
প্রস্তর স্থাপন স্থলে আয়োজিত  
এক অনাড়ম্বর অনুষ্ঠানে ইরানী  
প্রেসিডেন্ট মহর্তটিকে সমরনীয়  
হিসাবে উল্লেখ করিয়া বলেন,  
ইরান ও বাংলাদেশের মধ্যে  
ভাষা ও সংস্কৃতি উন্নয়নে ফার্সি  
ভবন নির্মাণের উদ্যোগ বিশেষ  
ভূমিকা পালন করিবে।

অনুষ্ঠানে স্বাগত ভাষণ দেন  
বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর  
এমাজউদ্দিন আহমদ। শুভেচ্ছা  
বক্তৃতা করেন শিক্ষামন্ত্রী ব্যারিষ্টার  
জমিরউদ্দিন সরকার। শিক্ষকদের  
পক্ষ হইতে কলা অনুষদের ডীন  
প্রফেসর আমিনুল ইসলাম ও  
ছাত্রদের পক্ষ হইতে ডাক্তার  
ভিপি আমানউল্লাহ আমান এমপি  
বক্তৃতা করেন। দেশের বিশিষ্ট  
শিক্ষাবিদগণ শিক্ষকবৃন্দ ছাত্রদল  
নেতৃবৃন্দ এবং সফররত ইরানের  
মন্ত্রী ও কর্মকর্তাগণ অনুষ্ঠানে  
উপস্থিত ছিলেন। ছাত্র লীগ  
(শা-পা) ও গণতান্ত্রিক ছাত্র  
ঐক্যের নেতৃবৃন্দ অনুষ্ঠান বয়কট  
করেন।

প্রেসিডেন্ট রাফসানজানি ঢাকা  
বিশ্ববিদ্যালয়ে বিজ্ঞান ও প্রযুক্তির  
ক্ষেত্রেও সহযোগিতার আশ্বাস  
দিয়া বলেন, পাশ্চাত্যের মিডিয়া  
সম্মাণ এবং অগ্রসর প্রযুক্তি ও  
বিজ্ঞানের মোকাবিলায় ইসলামী  
দেশগুলিকে অগ্রসর হইতে হইবে।

প্রেসিডেন্ট রাফসানজানি  
বলেন, বাংলা ভাষায় ২৭ হাজার  
ফার্সি শব্দ রহিয়াছে। বহু যুগ  
ধরিয়। এদেশে বিচার বিভাগের  
ভাষা ছিল ফার্সি। এখনও

ফার্সি ছাড়া এদেশের বিচার বিভা-  
গের রেকর্ডপত্রাদি পড়া এবং  
বোঝা সম্ভব হয় না। তিনি উপ-  
মহাদেশের এই হারানো ঐতিহ্য  
পুনরুদ্ধারের উপর গুরুত্ব দেন।

অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী জমির  
উদ্দিন সরকার বলেন আশা-  
দের ভাষা সংস্কৃতি ও চিন্তা-  
ধারায় ইরানের প্রভাব লক্ষণীয়।  
ফার্সি ভবন নির্মাণের উদ্যোগকে  
স্বাগত জানাইয়া তিনি বলেন,  
ইহার মাধ্যমে দুই দেশের সম্পর্ক  
আরও সুদৃঢ় হইবে। ভিসি প্রফে-  
সর এমাজউদ্দিন আহমদ ঢাকা  
বিশ্ববিদ্যালয়ে ফার্সি ভাষা ও  
সংস্কৃতি চর্চার কেন্দ্রটি বিগু স্নাতক  
প্রসারের ক্ষেত্রে নবতর শক্তি সঞ্চার  
করিবে বলিয়া আশা প্রকাশ  
করেন।

এদিকে ঢাকা বিশ্ববিদ্যালয়  
প্রাণ রসায়ন বিভাগের সহযোগী  
অধ্যাপক এবং সিনেট ও সিণ্ডি-  
কেট সদস্য ডঃ মোঃ আনোয়ার  
হোসেন গতকাল এক বিবৃতিতে  
বিশ্ববিদ্যালয়ে নিসিতব্য ফার্সি  
ভবনের ভিত্তি প্রস্তর স্থাপন  
অনুষ্ঠানে তাঁহাকে আমন্ত্রণ না  
জানানোর জন্য ক্ষোভ প্রকাশ  
করিয়াছেন। তিনি বলেন, এই  
ঘটনায় বিশ্ববিদ্যালয়ের সিনেট ও  
সিণ্ডিকেট সদস্য হিসাবে তাহার  
অধিকার খর্ব করা হইয়াছে।  
ইহা বিশ্ববিদ্যালয় প্রশাসনের  
দলীয়করণের আরও একটি নগ্ন  
দৃষ্টান্ত বলিয়া তিনি উল্লেখ  
করেন।

**জাতীয় স্মৃতিসৌধে**  
বাসম জানায়, ইরানী প্রেসি-  
ডেন্ট রাফসানজানি গতকাল  
সকালে সাতারে জাতীয় স্মৃতি-  
সৌধে পুষ্পস্তবক অর্পন করিয়া  
বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের  
শহীদদের প্রতি শ্রদ্ধা জানান।  
স্মৃতিসৌধ অঙ্গনে তাঁহাকে অভা-  
র্থনা জানান শিক্ষামন্ত্রী জমিরউদ্দিন  
সরকার। তাঁহাকে স্মৃতিসৌধের  
বেদীর কাছে নিয়া বাওয়া হয়।  
তিনি আনুষ্ঠানিকভাবে বেদীতে  
পুষ্পমাল্য অর্পণ করেন। ঐ সময়  
বিউগলে করুণ সুর বাজানো হয়  
এবং জাতীয় পতাকা অর্ধনমিত  
করা হয়। ইরানী প্রেসিডেন্ট  
দর্শনার্থী বইতেও স্বাক্ষর করেন।  
পরে তিনি স্মৃতিসৌধ প্রাঙ্গণে  
একটি পেয়ারাচারি রোপণ করেন।